মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ পালন

মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলির আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি প্রদান করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রসাশক লিংকন বিশ্বাস, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম,বীর মুক্তিযোদ্ধা, ইদ্রিস আলী প্রমুখ।

এ সময় মেহেরপুর সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল মেহেরপুর, গণপূর্ত বিভাগ, আনছার ও ভিডিপি মেহেরপুর, এলজিডি মেহেরপুর, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর জেলা শিক্ষা অফিস, মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর জেলা তথ্য অফিস, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর সদর উপজেলা পরিষদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

গাংনীর মহম্মদপুরে নদী পাড়ের মাটি কেটে ইট ভাটায় বিক্রি

মেহেরপুরের গাংনী উপজেলার মহম্মদপুর চর গোয়ালগ্রাম পশ্চিমপাড়া মাথাভাঙ্গা নদী পাড়ের মাটি কেটে ইট ভাটায় বিক্রি করছে স্থানীয় রিয়াজউদ্দীনের ছেলে বাবুল ও রবিউল ইসলাম। কয়েকদিন ধরে স্থানীয় ওই দুই ব্যাক্তি নদী পাড়ের জমির মালিকানা দাবী করে মাটি বিক্রি শুরু করেছেন। প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত ট্রলি ভর্তি মাটি বহন করায় এলকাবাসিসহ পথচারিরাও বিপাকে পড়েছেন। মাটি বিক্রেতা জানিয়েছেন নদীর পাড় হলেও জমির মালিকানা আমাদের। তবে কত টুকু জমির মালিাকানা রয়েছে তার পরিমাপ জানেনা তিনি। উপজেলা প্রশাসন বলছেন দেখে ব্যবস্থা নেয়া হবে।

সরেজমিনে দেখা গেছে, ১০/১২ জন মাটি কাটা শ্রমিক ডালি কোদাল নিয়ে নদী পাড়ের মাটি কেটে ট্রলি বোঝায় কাজে ব্যস্ত রযেছেন। তাদেরকে জিজ্ঞেস করা হলে একে একে সটকে পড়েন তারা । একজন শ্রমিক জানান এই মাটি বাবুল ও রবিউল কেটে ইট ভাটায় বিক্রি করছেন। আমরা তাদের শ্রমিক। পরে বাবুলকে জিজ্ঞেস করা হলে তিনি কথা না বলে চলে যান। ছুটে আসেন রবিউল ইসলাম। তিনি জানান এটা আমাদের জমি, আমরা কাটছি। পরে তাদের জমির পরিমাণ জানতে চাইলে তিনি জানান,আমি জমির পরিমাপ জানিনা। পরে তার এক চাচাকে মোবাইল করে জমির পরিমাপ জানতে চাইলে তিনিও সঠিক তথ্য জানেনা বলে জানান। রবিউল আরও জানান, নদীর পাড়া কেটে আবাদের জন্য প্রস্তত করা হচ্ছে। মাটি কোথায় রাখছেন এমন প্রশ্ন করা হলে তিনি জানান,স্থানীয় ইটভাটায় বিক্রি করা হচ্ছে।

প্রায় এক বিঘারও বেশি জমি কেটে ইতোমধ্যে বিক্রি করা হয়েছে। এখনও চলছে নদীর পাড় কেটে মাটি বিক্রির উৎসব। দ্রত ব্যবস্থা না নেয়া হলে নদীর পাড় ভাঙ্গন শুরু হবে।

স্থানীয় মটমুড়া ইউনিয়ন ভুমি অফিসের তহশিলদার বদরুন্নাহার জানান, বিষয়টি আমি জেনে ঘটনাস্থলে গিয়েছিলাম। যারা মাটি কেটেছে তাদের সাথে কথা হয়েছে। তারা জমির মালিকানা দাবী করেছেন। আমি সরকারি সার্ভিয়ার দিয়ে জমি মেপে দেখবো।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত) রনি খাতুন জানান, প্রাথমিক ভাবে তহশিলদারকে ঘটনাস্থলে পাঠানো হয়েছে। মাটি কাটতে

নিষেধ করা হয়েছে। জমিটি তাদের বরে দাবী করেছে রবিউল ও বাবুল। জমি জরিপের মাধ্যমে ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুর সড়ক অফিস অসামাজিক কাজের আখড়া!

মেহেরপুর সড়ক ও জনপথ (সওজ) বিভাগের অফিস যেন অসামাজিক কার্যকলাপের আখড়ায় পরিণত হয়েছে। অফিস কক্ষের সিড়ি, টয়লেট, জানালার পাশে ব্যবহৃত কনডমের ছড়াছড়ি দেখা গিয়েছে। এ ধরণের গুরত্বপূর্ণ সরকারি অফিসে এ দৃশ্য যে কোন বিবেকবান মানুষকে তাড়না দেবে। এবং একই সঙ্গে সরকারি অফিসগুলোর ভাবমূর্তি ক্ষুন্ন হবে।

গত সোমবার ২৭ ফেব্রুয়িার বিকালে এ চিত্র দেখা গেছে। যার ভিডিও চিত্র ও স্থির চিত্র মেহেরপুর প্রতিদিনে সংরক্ষিত রয়েছে। সরেজিমেন গিয়ে দেখা যায়, সড়ক ও জনপথ বিভাগের অফিসের নিচতলার গেট দিয়ে ঢুকতেই চোখ সিড়ির নিচে।

অনুসন্ধান করতে গিয়ে দেখা যায় টয়লেটের প্রতিটি কক্ষে কনডম ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে। তারপর যা দেখা যায় রীতিমত অবাক হওয়ার মত। এটা কি একটা জেলা শহরের কোন সরকারি দপ্তর নাকি নিষিদ্ধ পল্লী। টয়লেটের প্রতিটা কক্ষেই ছড়িয়ে ছিটিয়ে আছে ব্যবহৃত কনডম এবং সিঁড়ির নিচে গিয়েও দেখা যায় একই অবস্থা।

বিকাল আনুমানিক ৪টার দিকে অফিসের গুটিকতক স্টাফ থাকলেও উচ্চ পদস্থ কোন কর্মকর্তাকে তখন পাওয়া যায়নি। সড়ক ও জনপথের নির্বাহী প্রকৌশলী অতিরিক্ত দায়িত্ব পালন করায় তিনি চুয়াডাঙ্গা অবস্থান করেন। দাপ্তরিক প্রয়োজনে মাঝে মধ্যে তিনি মেহেরপুর অফিস করেন। সহকারী বিভাগীয় প্রকৌশলী তিনি মেহেরপুর অফিস দেখভাল করেন। তবে নির্বাহী প্রকৌশলী মেহেরপুরে না থাকার সুযোগে অফিসের একটি চক্র অসামাজিক কাজে অফিসকে বেছে নিয়েছে বলে ধারণা করা হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক সওজের একাধিক কর্মচারী জানান, এই ধরনের

ঘটনা বেশ কিছু আগে থেকেই দেখছেন কিন্তু তার উচ্চপর্যায়ের কর্মকর্তারা এ বিষয়ে কোনো ব্যবস্থা নেন না কে বা কারা অফিসের মধ্যে এই কাজ করে সেটাও তিনি জানেন না । এসব দেখে আমরা খুব বিব্রত। কিছু বলতে পারি না ঠিকাদার থেকে শুরু করে বাইরের যেকোন গেস্ট অফিশিয়াল কোন কাজে গেলে ঐ টয়লেটগুলো ব্যবহার করে। সবারই চোখে পড়ে ঐ সব। অফিস শেষে সন্ধ্যার পর আর কেউই অফিসের মধ্যে ঢুকে না এবং অফিসের চাবি থাকে কর্মচারীর কাছে বেশ কিছুদিন আগে এসডি সেই চাবিটাও কর্মচারীর কাছ থেকে নিয়ে নিয়েছে।
নাম প্রকাশে অনিচ্ছিুক এক ঠিকাদারও টয়লেটে গিয়ে বিপাকে পড়েন। তিনিও জানান, এ ধরণের ঘটনা খুবই ন্যাক্কার ও লজ্জাজনক। মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগে একজন এসডিও, ৩জন এসও সহ কর্মকর্তা কর্মচারী মিলে আছেন ২২ জন কর্মরত রয়েছেন। অফিস এরিয়ার ভিতরে স্টাফ কোয়ার্টারে কয়েকজন কর্মকর্তাসহ কর্মচারী বসবাস করেন। তারা ব্যাচেলর থাকেন বলে জানা গেছে।

এ ব্যাপারে মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ মনজুরুল করিমের কাছে বিষয়টি নিয়ে জানতে চাইলে তিনি বলেন, এটা হয়ে থাকলে খুব লজ্জাজনক হবে। বিষয়টি যাচাই বাছাই করে যারা এসকল কাজের সাথে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে ঐতিহাসিক ৭ই মার্চ ও সরকারের উন্নয়ন প্রচারে শোভাযাত্রা

মেহেরপুরের গাংনীতে ঐতিহাসিক ৭ই মার্চ ও ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন পালন এবং জাতিয় শিশু দিবস উদযাপন ও সরকারের উন্নয়ন প্রচারনা মুলক শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে উপজেলা সাবেক ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম ও জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবিবের নেতৃত্বে একটি শোভাযাত্রা গাংনী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রাটি গাংনী উপজেলা চত্বর থেকে বের হয়ে সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে এসে শেষ হয়। শোভাযাত্রায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী। জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি রাকিবুল ইসলাম টুটুল,উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, উপজেলা কৃষক লীগের সহ সভাপতি মাহামুদ হাসিবসহ উপজেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ ও কর্মি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় সরকারের নানা উন্নয়ন তুলে ধলে শ্লোগান দেন শোভাযাত্রায় অংশ গ্রহনকারিরা।

গাংনীর করমদি দারুসসুন্নাত নেছারিয়া দাখিল মাদ্রাসা সুপারের সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি দারুসসুন্নাত নেছারিয়া দাখিল মাদ্রাসার ক্ষতি করার অপচেষ্টা ও সুপারের মান ক্ষুন্ন করার প্রতিবাদে স◌ংবাদ সম্মেলন করেছেন মাদ্রাসার সুপার আবু জাফর।

সোমবার সকাল ১১ টা্রদিকে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মাদ্রসার সুপার আবু জাফর বলেন, আমি করমদি দারুস্সুন্নাত নেছারিয়া দাখিল মাদ্রাসায় বিগত ১৯৯৪ সাল থেকে অদ্যবধি সুনামের সহিত সুপার পদে দায়িত্বপালন করে আসছি। মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনকে কেন্দ্র করে একটি কুচক্রী মহল মাদ্রাসা ও বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ডের বিরোধী মত ও পথের অনুসারী আমার সুনাম নষ্ট করার ষড়যন্ত্রে লিপ্ত আছে। কিছুদিন পূর্বে মাদ্রাসায় এসেম্বলী চলাকালীন সময় নবম শ্রেনীর কয়েজন অমনোযোগী ও অনিয়মিত শিক্ষার্থীদের শাষন করার কারনে তারা আমার উপর ক্ষুব্ধ হয় এবং কুচক্রীমহলের চক্রান্ত ও ষড়যন্ত্রে আমার প্রতিষ্ঠানের নবম শ্রেনীর কিছু শিক্ষার্থী গত ২ মার্চ সন্ধ্যার সময় ভিডিও প্রসঙ্গে জানতে পারি। উক্ত তারিখে আমার মাদ্রাসার কাজ শেষে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকটে যায় এবং

উক্ত সাজানো ও উদ্দেশ্যপ্রনোদিত ভিডিও বিষয়ে আমার কোন জানা নাই। গত ৫ মার্চ রবিবার সকালে মাদ্রাসায় গেলে তালাবদ্ধ দেখতে পাই। বিশৃংখলা সৃষ্টির উদ্দেশ্যে কিছু উচ্ছংখল ছাত্র এবং বহিরাগত ষড়যস্তমুলকভাবে মাদ্রাসার শিক্ষকগণকে মাদ্রাসায় প্রবেশ করতে বাঁধা দেয়। আমি মাদ্রাসার নিরাপত্তার জন্য বামন্দি ক্যাম্পের ইনচার্জ এবং গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করি। নির্বাহী অফিসার নিরাপত্তার স্বার্থে প্রশাসনকে অবগত করলে গাংনী থানার পুলিশ মাদ্রাসায় উপস্থিত হয়। কুচক্রীমহলদের ওই ভিডিওগুলি ভালোভাবে লক্ষ্য করলে স্পষ্ট বোঝা যায় যে কারও ইন্ধনে কোন বিশেষ মহলের প্ররোচনায় ভিডিওগুলি ধারন করা হয়েছে।

তিনি আরও বলেন, গত বছরের ১৫ ই আগষ্ট পালন উপলক্ষে ওই বছরের ২ আগস্ট মাদ্রাসায় ব্যানার টানালে কিছু চক্রীমহলের ইন্ধনে ওই ব্যানারটি পরদিন ৩ আগস্ট কেটে ফেললে আমি তৎকালীন ইউএনও স্যারকে অবগত করি এবং গাংনী থানায় একটি জিডি করি। যার নং ১৫৪, তাং ৪/৮/২১ ইং। কিন্তু অদ্যবধি ওই কুচক্রীমহল আমার বিরুদ্ধে চক্রান্ত অব্যাহত রেখেছে। এমতাবস্থায় আমাকে মাদ্রাসায় যেতে বাধাপ্রদান ও হুমকি দিচ্ছে। আমি এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিরাপত্তা চাই।

সংবাদ সম্মেলন◌ে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, মাইটিভি প্রতিনিধি মাসুদ রানাসহ ক্লাবের সদস্যরা অংশ নেন।

মুজিবনগরে,৭ই মার্চ, জাতীয় শিশু দিবস ও স্বাধীনতা দিবসের প্রস্ততি সভা

ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্য দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষে মুজিবনগরে প্রস্ততিমূলক সভা

করেছে উপজেলা প্রশাসন।

রবিবার বেলা সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

প্রস্তুুতি সভায় আরো উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান,উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন,উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউনিয়ন চেয়ারম্যান মফিজুর রহমান সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,স্কুলের প্রধান শিক্ষক,এনজিও প্রতিনিধি,পুলিশ প্রতিনিধি,বিজিবি প্রতিনিধি,সাংবাদিকবৃন্দ।

গাংনীর ভ্রমরদহ থেকে ফেন্সিডিলসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার ভ্রমরদহ স্কুলপাড়ার আজিজুলের বাড়ির পূর্ব পাশে করমদিগামী পাকা রাস্তায় অভিযান চালিয়ে ২০ বোতল ফেন্সিডিল, একটি মোবাইল ও নগদ ৩ হাজার টাকাসহ রুবেল হোসেন (২৩) নামের এক যুবককে আটক করেছে র্যাব।

আজ রবিবার বিকাল পৌনে ৩টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মো. গোলাম ফারুকের ননেতৃত্বে র্যাবের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। আটক রুবেল হোসেন গাংনী উপজেলার সহরাতলা বাগানপাড়ার নজরুল ইসলামের ছেলে।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পািরেএকজন ব্যক্তি ভ্রমরদহ সস্কুলের পাশে মাদক বিক্রির জন্য অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে তাকে তল্লাশি করে তার কাছে থেকে ২০ বোতল ফেন্সিডিল, একটি অপ্পো মোবাইল ফোন ও নগদ ৩ হাজার টাকা উদ্ধার করা হয়। পরে তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনীতে ছাত্রীকে শ্লীলতাহানীর অভিযোগে মাদ্রাসা সুপার অবরুদ্ধ

মেহেরপুরের গাংনীর করমদী দারুচ্ছুন্নাহ নেছারিয়া দাখিল মাদ্রাসা সুপার আবু জাফরের বিরুদ্ধে এক ছাত্রীকে শ্লীলতাহানীর অভিযোগ উঠেছে।

রবিবার সকালে স্থানীয় লোকজন ও অভিভাবকগন সুপারের গ্রেপ্তার, বহিষ্কার ও বিচারের দাবীতে মাদ্রাসা ঘোরাও করে সুপারকে একটি রুমে অবরুদ্ধ করে।

সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশ সুপারকে অবরুদ্ধ কক্ষের তালা ভেঙ্গে উদ্ধার করে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে, সব মিথ্যা ও সাজানো নাটক, তাকে অপসারণের জন্য স্থানীয় লোকজন পরিকল্পিতভাবে এমন ন্যাক্কারজনক ঘটনা ঘটাচ্ছে বলে দাবী করেছেন মাদ্রাসা সুপার আবু জাফর।

স্থানীয় লোকজন ও অভিভাবকরা জানান, গত বৃহষ্পতিবার মাদ্রাসা সুপার আবু জাফর নবম শ্রেণির এক ছাত্রীক তার রুমে ডেকে নেয় এবং স্পর্শকাতর স্থানে হাত দেয়। বিষয়টি ওই ছাত্রী তার সহপাঠি ও অভিভাবকদের জানালে সকলেই ফুঁসে উঠে। তারা রবিবার সকালে মাদ্রাসা

ঘেরাও করে এবং সুপার আবু জাফরকে একটি কক্ষে তালা বদ্ধ করে রাখে। তারা অধ্যক্ষকে বহিষ্কার গ্রেপ্তার ও বিচারের দাবী তোলেন। খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে তালাভেঙ্গে মাদ্রাসা সুপারকে উদ্ধার করে হেফাজতে নেয়।

শিক্ষার্থীরা জানায়, দির্ঘদিন যাবত মাদ্রাসা সুপার আবু জাফর তাদের কাছে মোবাইল ফোন নম্বর চান এবং গোপন কথা বলে কু প্রস্তাব দেন। মান সম্মানের ভয়ে কেউ মুখ খোলে না। গত বৃহষ্পতিবার নবম শ্রেণির এক ছাত্রীকে নিজ রুমে ডেকে নিয়ে শ্লীলতাহানী করে। সুপারের বিরুদ্ধে ব্যবস্থা না নেয়া পর্যন্ত তারা মাদ্রাসাতে আসবেন না বলেও জানান।

করমদি গ্রামের সাইদুর রহমান জানান, সুপার আবু জাফর চরিত্রহীন। সে ছাত্রীদের কাছে গোপন কথা বলার জন্য মোবাইল নম্বর চান এবং কুপ্রস্তাব দেন। ইতোপুর্বে এক ছাত্রীর শ্লীলতা হানীর অভিযোগে তাকে সতর্কমুলক শাস্তি দেয়া হয় ।

করমদি গ্রামের সাবেক মেম্বর সিরাজুল ইসলাম জানান, ঘটনার শিকার ওই ছাত্রীর অভিভাবকের মোবাইল ফোনের সংবাদ পান। ছাত্রির ঘটনার বিস্তারিত বর্ণনা শোনার পর অন্যান্য অভিভাবকদের জানানো হয়। পরে মাদ্রাসাতে আসলে সুপার আবু জাফর ঘটনাটি অস্বীকার করেন। এতে অন্যান্য শিক্ষার্থী ও অভিভাবকরা ফুঁসে উঠে মাদ্রাসা ঘেরাও করে সুপারকে তালাবদ্ধ করে রাখেন।

মাাদ্রাসা সুপার আবু জাফর জানান, তার বিরুদ্ধে অভিযোগ সব মিথ্যা ও সাজানো নাটক। তাকে অপসারণের জন্য স্থানীয় লোকজন পরিকল্পিতভাবে এমন ন্যাক্কারজনক অভিযোগ করছেন।

করমদী দারুচ্ছুন্নাহ নেছারিয়া দাখিল মাদ্রাসার সভাপতি গাংনী উপজেলা নির্বাহী অফিসার রনি খাতুন জানান, ওই শিক্ষার্থীর লিখিত অভিযোগ এবং কয়েকটি ভিডিও ক্লিপ পেয়েছেন। বিষয়টি তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেবেন বলেও জানান তিনি।

গাংনীতে সেচপাম্পের বেল্টের আঘাতে যুবকের মৃত্যু

মেহেরপুরের গাংনীর মাঠপাড়ায় গোসল করতে গিয়ে সেচপাম্পের বেল্টের সাথে আঘাতে আহার আলী (২১) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১ টায় দিকে মৃত্যুর ঘটনা ঘটে। আহার আলী মাঠপাড়ার আজিবার মণ্ডলের ছেলে।

প্রত্যক্ষদর্শী ও নিহত আহার আলীর ভাগ্নে রাকিবুল ইসলাম জানান, তার মামা আহার আলী বাড়ির পাশে বৈদ্যুতিক সেচ পাম্পে গোসল করতে গেলে হঠাৎ পা পিছলে সেচপাম্পের মোটরের বেল্টের উপর পড়ে যায়। এতে সেচ পাম্পের বেল্টে মাথার পেছনে আঘাত লাগে।

স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী জানান, গোসল করতে গিয়ে দুর্ঘটনায় একজনের মৃত্যুর খবর পাবার পর ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। কোন অভিযোগ পেলে আইনী ব্যবস্থা নেয়া হবে।

আমদহ ইউপি নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী রওশন আলী টোকনের পথসভা

মেহেরপুর সদর উপজেলার আহদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে আমদাহ ইউনিয়নের আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি এ্যাড: শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল সালাম বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক এডভোকেট খন্দকার আব্দুল মতিন, মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের কেন্দ্র কমিটির সদস্য ও জেলা মহিলা আওয়ামী লীগের সাবেক সভাপতি শামীমা আরা হীরা ,ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ শরিফুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী সহিদুল ইসলাম, মেহেরপুর সদর থানা সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল,শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যান মতিউর রহমান মতিন, ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট,জেলা আইনজীবী সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট আব্দুল আল মামুন রাসেল, বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক তানভীর আহমেদ প্রমূখ।